

## নীরব এলাকা বাস্তবায়নে সমন্বিত অভিযান

- A Monitor Desk Report

Date: 25 January, 2026



ঢাকাঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এলাকাকে হর্নমুক্ত বা ‘নীরব এলাকা’ হিসেবে কার্যকর করতে মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান পরিচালনা করা হয়েছে।

রবিবার (২৫ জানুয়ারি) জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিমানবন্দর এলাকায় সমন্বিতভাবে এই অভিযান পরিচালিত হয়।

অভিযান চলাকালে হর্ন বাজিয়ে শব্দদূষণ করার অপরাধে ৭জন চালককে মোট ৬ হাজার ৫০০ টাকা নগদ জরিমানা করা হয়েছে বলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) পক্ষ থেকে জানানো হয়।

পরিবেশ ও জলবায়ু পরিবর্তনবিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান এই অভিযানে অংশ নিয়ে বলেন, ‘সকলে নিজ নিজ জায়গা থেকে সচেতন হলে টেকসই হর্নমুক্ত পরিবেশ নিশ্চিত করা সম্ভব হবে। বিমানবন্দর এলাকায় হর্নমুক্ত পরিবেশ নিশ্চিত করা সরকারের অগ্রাধিকার। এই এলাকা হর্নমুক্ত রাখার এই উদ্যোগ দেশের অন্যান্য এলাকায়ও উদাহরণ হয়ে উঠবে।’

উপদেষ্টা আরও জানান, শব্দদূষণ নিয়ন্ত্রণে বিআরটিএর মাধ্যমে চালকদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রাথমিকভাবে ৫০টি আধুনিক সাউন্ড লেভেল মিটার দিয়ে এই কার্যক্রম শুরু হয়েছে।

অভিযানে অংশ নিয়ে ডিএনসিসির প্রশাসক মোহাম্মদ এজাজ বলেন, বিমানবন্দর এলাকা হর্নমুক্ত রাখার মাধ্যমে নগরজুড়ে দৃষ্টান্ত স্থাপন করা সম্ভব হবে বলে তিনি আশা করছেন।

সমন্বিত এই অভিযানে পরিবেশ মন্ত্রণালয়, ডিএনসিসি এবং সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

